# আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّٰزِعَٰت

আয়াতঃ ৭৯ : ৫

## আরবি মূল আয়াত:

فَٱلْمُدَبِّرَٰتِ أَمْرًا ﴿٥﴾

## অনুবাদসমূহ:

অতঃপর কসম সকল কার্যনির্বাহকারীদের। — আল-বায়ান

অতঃপর সব কাজের ব্যবস্থা করে। — তাইসিরুল

অতঃপর যারা সকল কর্ম নির্বাহ করে। — মুজিবুর রহমান

And those who arrange [each] matter, — Sahih International

### ৫. অতঃপর সব কাজ নির্বাহকারীদের।(১)

(১) পঞ্চম বিশেষণ। অর্থাৎ মৃত্যুর ফেরেশতাদের সর্বশেষ কাজ এই যে, তারা আল্লাহ তা'আলার নির্দেশে দুনিয়ার বিভিন্ন কাজ নির্বাহের ব্যবস্থা করে। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

### ৫। অতঃপর (শপথ তাদের;) যারা সকল কর্ম নির্বাহ করে। [1]

[1] অর্থাৎ, আল্লাহ তাআলা যে সব কর্ম তাদেরকে অর্পণ করেন তা তাঁরা নির্বাহ করেন। পক্ষান্তরে আসল কর্মনির্বাহী হলেন আল্লাহ তাআলা। কিন্তু যেহেতু আল্লাহ তাআলা নিজের হিকমত অনুযায়ী ফিরিশতা দ্বারা কাজ নেন, সেহেতু তাঁদেরকেও কর্মনির্বাহী বলা হয়েছে। এই অনুপাতে উপরোক্ত পাঁচটি গুণই হল ফিরিশতাদের। আর ঐ ফিরিশতাদের আল্লাহ কসম খেয়েছেন। আর কসমের জওয়াব এখানে উহ্য আছে; অর্থাৎ, "নিশ্চয় তোমরা পুনরুত্থিত হবে। অতঃপর তোমাদেরকে অবহিত করা হবে, যা তোমরা করতে।" কুরআনে এই পুনরুত্থান ও প্রতিদান দিবসের সত্যতা প্রমাণের জন্য কয়েক জায়গায় কসম ব্যবহার করা হয়েছে। যেমন, সূরা তাগাবুন ৭নং আয়াতেও আল্লাহ তাআলা উল্লিখিত বাক্যের মাধ্যমে কসম খেয়ে এই প্রকৃতত্বকে স্পষ্ট করে দিয়েছেন। এই পুনরুত্থান ও প্রতিদান দিবস কখন হবে? তার বর্ণনা আগামী আয়াতসমূহে দেওয়া হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5717

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন